

সিডনিতে বাংলাদেশী আইডল



২য় পর্ব থেকে তৃতীয় পর্বে নির্বাচিত প্রতিযোগিরা

সামনে বাম দিক থেকে : অন্তরা সিনহা, রেফাত ফাতেমা, লুৎফা খালেদ, রুবাই হুদা
পিছনে বাম দিক থেকে : রঞ্জিত দাস, মাসুদ হোসেন, সুশান্ত শেখর গুন ও শরিফুল হাসান

সোনার বাংলা রিপোর্টঃ সিডনি ভিত্তিক সাংস্কৃতিক কার্যক্রমে নতুন সংযোজন গানের প্রতিযোগিতামূলক অনুষ্ঠান বাংলাদেশী আইডল-২০০৭ শুরু হয় গত ১ লা জুলাই, রবিবার সেনসেন্ট পিটার্স লাইব্রেরী মিলনায়তনে। সিডনি পড়তে আসা দেশ ও সংস্কৃতির প্রতি দায়বদ্ধ ও অনুরাগে উদ্বুদ্ধ মোট ২০জন তরুণ-তরুণী প্রথম পর্বের এই প্রতিযোগিতায় অংশ নেয়। প্রথম পর্ব থেকে ১৩জন প্রতিযোগী বিচারকদের রায়ে দ্বিতীয় পর্বের জন্য নির্বাচিত হয়। এরা হলেনঃ রুবাই হুদা, মূর্শিদা হক রিমা, কাদেরী কিবরিয়া, সুশান্ত শেখর গুন, ফাহমিদুর রহমান তৌফিক, লুৎফা খালেদ, মাহবুব আলম চৌধুরী, রত্না কর, শরিফুল হাসান, রঞ্জিত দাস, রেফাত ফাতেমা, মাসুদ হোসেন ও অন্তরা সিনহা। শিল্পীদের কণ্ঠনৈপুণ্য, উচ্চারণ, সুর, তাল ও উপস্থাপনা এ এই পাঁচটি বিষয়ের ওপর বিচারকরা নম্বর প্রদান করেন। প্রথম পর্বে সর্বোচ্চ নম্বর পেয়ে বিচারকদের রায়ে অন্তরা সিনহা প্রথম হন।

প্রতিযোগিতার ২য় পর্বটি অনুষ্ঠিত হলো ৮ জুলাই, রবিবার একই মিলনায়তনে। এ পর্বের শুরুতে সংক্ষিপ্ত শুভেচ্ছা বক্তব্য রাখেন মূল উদ্যোক্তা ও আয়োজক শিল্পী আতিক হেলাল। তিনি তাঁর বক্তব্যের শুরুতে সিডনির সমাজ সেবক ও সংগঠক আবদুর রহিম মোল্লার আকস্মিক মৃত্যুতে গভীর শোক ও সমবেদনা প্রকাশ করেন এবং তাঁর বিদেহী আত্মার শান্তি কামনার জন্য উপস্থিত সকলকে দাঁড়িয়ে ১মিনিট নীরবতা পালনের জন্য আহ্বান জানান। এ পর্বে নির্বাচিত ১৩ জনের মধ্য থেকে ৮ জন প্রতিযোগীকে তৃতীয় পর্বের জন্য নির্বাচন করা হয়। প্রত্যেক শিল্পীকে ২টি করে গান গাইতে দেয়া হয়। এ পর্বে বিচারকদের রায়ে ২৭২ নম্বর পেয়ে অন্তরা সিনহা প্রথম এবং ২৫৮ নম্বর পেয়ে রেফাত ফাতেমা ২য় প্রতিযোগী হিসেবে নির্বাচিত হন।

প্রতিযোগিতার উভয় পর্বে বিচারক হিসেবে ছিলেন একেএম ফারুক, রীতা করিম ও নাসিম হোসেন। এ আলোকিত প্রতিযোগিতাটির মূল উদ্যোক্তা ও আয়োজক শিল্পী আতিক হেলাল। আর এটি স্পন্সর করছে বাঙালি মালিকাবীন ব্যাংক অব কুইন্সল্যান্ড। প্রতিযোগিতার পরবর্তী পর্ব কবে অনুষ্ঠিত হবে আয়োজকরা সেই তারিখ ও সময় সকলকে আগেই জানিয়ে দেবেন।